ঢাকা ওয়াসা

বিষয়: দুই দিন (২০ ও ২৭ জুলাই/২০২৬ খ্রিঃ) ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রম পরিচালনার খরচ মেটানোর লক্ষ্যে অস্থায়ী অগ্রীম হিসাবে ৩৬,০০০/-(ছত্রিশ হাজার) টাকা অনুমোদন প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজস্ব জোন-৭ এর আওতাধীন যাত্রাবাড়ী, শ্যামপুর, কদমতলী ও ডেমরা এলাকার অবৈধ পানির সংযাগ বিচ্ছিন্ন করণ ও বকেয়া রাজস্ব আদায়ের লক্ষ্যে ২০/০৭/২০২৬ খ্রিঃ ও ২৭/৭/২০২৬ খ্রিঃ ০২ (দুই) দিন ভ্রাম্যমাণ আদালত পরিচালনার জন্য ঢাকা ওয়াসার এক্সিকিউটিভ ম্যাজিষ্ট্রেট মোছাঃ রুমানা আফরোজ মহোদয়ের আদালত-১ এর স্মারক নং- ৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৫/২৬/২২, তারিখঃ ২৩/০৭/২০২৬ খ্রিঃ এর মাধ্যমে কর্মসূচী জারী করা হয়েছে (সংযুক্তি নং-১)। ভ্রাম্যমান আদালত চলাকালে রাজস্ব জোন-৭ এবং বিজ্ঞ ম্যাজিষ্ট্রেট মহোদয়ের কর্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীসহ পুলিশ ফোর্স উপস্থিত থাকবেন। আদালতের সার্বিক কাজ সমাধান করণে, বিজ্ঞ ম্যাজিষ্ট্রেট মহোদয়ের সম্মানী ভাতা এবং উপস্থিত কর্মকর্তা/কর্মচারী ও পুলিশ ফোর্সের দুপুরের আপ্যায়ন, লেবার মিস্ত্রি ও যন্ত্রপাতি বাবদ খরচ নিম্নোক্ত খাতে ০২ (দুই) দিনে মোট ৩৬,০০০/- (ছত্রিশ হাজার) টাকার আর্থিক বরাদ্দের প্রয়োজন।

ক্রম নং	খরচের খাত	সম্মানীর/ভাতার পরিমাণ এবং ভ্রাম্যমাণ আদালতের সংখ্যা	ব্যয়িত টাকার পরিমাণ
১।	পুলিশ ফোর্স এর যাতায়াত, দুপুরের খাবার, বিকালের নাস্তা ও অন্যান্য খরচ বাবদ (প্রতিদিন)	৩০০০×২ দিন	=৬,০০০/-
২।	সংযোগ বিচ্যুতিকারী কর্মকর্তা/কর্মচারীদের , দুপুরের খাবার, বিকালের নাস্তা ও অন্যান্য খরচ বাবদ (প্রতিদিন)	৭০০০×২ দিন	=১৪,০০০/-
৩।	বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানী ভাতা, (প্রতিদিন)	৫০০০×২ দিন	=১০,০০০/-
৪।	শ্রমিক ও অন্যান্ন আনুষাঙ্গিক খরচ বাবদ (প্রতিদিন)	৩০০০×২ দিন	=৬,০০০/-
		সর্বমোট খরচ	=৩৬,০০০/-

কথায়ঃ ছত্রিশ হাজার টাকা মাত্র

নং ১১২-৬
২৩/৮/২০২৬

২। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার এক্সিকিউটিভ ম্যাজিষ্ট্রেট মোছাঃ রুমানা আফরোজ মহোদয়ের আদালত-১ এর ২০/০৭/২০২৬ খ্রিঃ ও ২৭/০৭/২০২৬ খ্রিঃ ০২ (দুই) দিনের ভ্রাম্যমাণ আদালত পরিচালনার নিমিত্তে বর্ণিত খাতের খরচ মিটানোর জন্য মোট ৩৬,০০০/-(ছত্রিশ হাজার) টাকা স্পেশাল ড্রাইভ খাত হতে পি.পি.আর ২০০৮ এর ৮১(১)ধারা অনুযায়ী রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ) ও জোনাল প্রধান, রাজস্ব জোন-৭, ঢাকা ওয়াসা এর অনুকূলে অস্থায়ী অগ্রীম অনুমোদন দেয়া যেতে পারে। যা বর্ণিত কার্য সম্পাদনের পর প্রকৃত খরচের বিল ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।

[signature] ২৩/৮/২০২৬

ARO-2

[signature] ২৩/৮/২৬
নন্দ দুলাল সরকার
সহকারী রাজস্ব কর্মকর্তা (অঃদাঃ)
রাজস্ব জোন-০৭
ঢাকা ওয়াসা

RO [signature] ২৩/৮/২৩
মোঃ মামুনুর রশিদ
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ) ও
জোনাল প্রধান
রাজস্ব জোন-৭, ঢাকা ওয়াসা

(২)

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

বোর্ড বিষয়ক বিভাগ

ওয়াসা ভবন
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
website: www.dwasa.org.bd

স্মারক নং- ৪৬.১১৩.২১৮.০০.০০.০০১.২০২৫- ৭০৩ তারিখ ঃ ১৮ জুন ২০২৬

উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

আলোচ্যসূচী-৫ঃ ঢাকা ওয়াসার এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক ভ্রাম্যমান আদালত পরিচালনার বরাদ্দ বৃদ্ধি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে ১৪ মে, ২০২৬ তারিখে অনুষ্ঠিত ঢাকা ওয়াসা কর্মসম্পাদন সহায়তা কমিটির ২১-তম সভার আলোচ্যসূচী-৫ এ নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

সিদ্ধান্ত-৫ঃ ঢাকা ওয়াসার ভ্রাম্যমান আদালত পরিচালনায় প্রতিদিনের বরাদ্দ নিম্নোরূপভাবে পুনর্নির্ধারণ করা হলোঃ

১.	পুলিশ ফোর্স এর যাতায়াত, দুপুরের খাবার, বিকালের নাস্তা ও অন্যান্য খরচ-বাবদ (প্রতিদিন)	৩,০০০/-
২.	সংযোগ বিচ্ছিন্নকারী কর্মকর্তা/কর্মচারীদের দুপুরের খাবার, বিকালের নাস্তা, যাতায়াত এবং অন্যান্য বাবদ ও অন্যান্য খরচ বাবদ (প্রতিদিন)	৭,০০০/-
৩.	বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানী ভাতা, (প্রতিদিন)	৫,০০০/-
৪.	শ্রমিক ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ (প্রতিদিন)	৩,০০০/-
	সর্বমোট=	১৮,০০০/-

কার্যক্রম গ্রহণ/বাস্তবায়নেঃ উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা।

ইহা আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১৮/০৬/২০২৬

এস এম জাহাঙ্গীর হোসেন
সচিব, ঢাকা ওয়াসা
ও সদস্য-সচিব, কর্মসম্পাদন সহায়তা কমিটি।
ফোনঃ + ৮৮০২-৫৫০১২৪০৯

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)ঃ

১। আহ্বায়ক, কর্মসম্পাদন সহায়তা কমিটি, ঢাকা ওয়াসা।
২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
৩। অফিস কপি।

স্মারক নম্বর-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৫-২৬/২২

তারিখ : ০৯ আষাঢ়, ১৪৩৩
২৩ জুন, ২০২৬

বিষয় : জুলাই /২০২৬ মাসে মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত পুলিশ ফোর্স মোতায়েন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মেট্রোপলিটন এলাকায় নিম্নলিখিত জোন সমূহে ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬(১৯৯৬ সনের ৬ নং আইন)সহ অন্যান্য আইনে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত আগামী ০১/০৭/২০২৬ খ্রি: হতে ৩০/০৭/২০২৬ খ্রি: তারিখ পর্যন্ত সময় নিম্নলিখিত ছকে ধার্য করা হয়েছে।

ক্রম	রাজস্ব জোন	থানার আওতাধীন এলাকা সমূহ	মোবাইল কোর্ট পরিচালনার তারিখ সমূহ
০১.	রাজস্ব জোন-০৮	গুলশান, বাড্ডা, খিলক্ষেত, ভাটারা	০১/০৭/২৬, ০৮/০৭/২৬
০২.	রাজস্ব জোন-০২	লালবাগ, হাজারীবাগ, বংশাল, চকবাজার	০২/০৭/২৬, ০৯/০৭/২৬, ১৬/০৭/২৬
০৩.	রাজস্ব জোন-০৩	মোহাম্মদপুর, ধানমন্ডি, নিউমার্কেট, আদাবর	০৫/০৭/২৬, ১২/০৭/২৬
০৪.	রাজস্ব জোন-০১	যাত্রাবাড়ী, মতিঝিল, ওয়ারী, সূত্রাপুর	০৬/০৭/২৬, ১৩/০৭/২৬, ২২/০৭/২৬
০৫.	রাজস্ব জোন-০৯	উত্তরা, এয়ারপোর্ট, খিলক্ষেত, উত্তরখান, দক্ষিণখান	০৭/০৭/২৬, ১৪/০৭/২৬
০৬.	রাজস্ব জোন-০৪	পল্লবী, মিরপুর মডেল, শাহ আলীবাগ, দারুস সালাম	১৫/০৭/২৬, ২৯/০৭/২৬
০৭.	রাজস্ব জোন-০৬	রমনা, মতিঝিল, খিলগাঁও, রামপুরা, পল্টন	১৯/০৭/২৬, ২৬/০৭/২৬
০৮.	রাজস্ব জোন-০৭	যাত্রাবাড়ী, শ্যামপুর, কদমতলী, ডেমরা	২০/০৭/২৬, ২৭/০৭/২৬
০৯.	রাজস্ব জোন-০৫	বনানী, গুলশান, তেজগাঁও, তেজগাঁও শিল্প অঞ্চল	২১/০৭/২৬, ২৮/০৭/২৬
১০.	রাজস্ব জোন-১০	মিরপুর মডেল থানা, কাফরুল, পল্লবী, ভাষানটেক	২৩/০৭/২৬, ৩০/০৭/২৬

এমতাবস্থায়, উপরোল্লিখিত তারিখে সকাল ৯.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারী কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তার জন্য অফিসারসহ কমপক্ষে ০৫(পাঁচ) জন পুলিশ ফোর্স উপরোল্লিখিত ছক অনুযায়ী রাজারবাগ পুলিশ লাইন্স/সংশ্লিষ্ট থানা থেকে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে,

পুলিশ কমিশনার
ঢাকা মেট্রোপলিটন পুলিশ
রমনা, ঢাকা-১০০০।

স্বাক্ষরিত/-
মোছাঃ রুমানা আফরোজ
(সিনিয়র সহকারী সচিব)
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
ঢাকা ওয়াসা।
ফোন: ০২-৫৫০১২০০৭
rufo.afroze102@gmail.com
তারিখ: ২৩/০৬/২০২৬

স্মারক নম্বর-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৬/২২
অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
০২. উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)/অর্থ/ওএন্ডএম/আরপিএন্ডডি, ঢাকা ওয়াসা।
০৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ঢাকা।
০৪. বাণিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা ওয়াসা।
০৫. সচিব, ঢাকা ওয়াসা।
০৬. প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
০৭. উপ-পুলিশ কমিশনার(অপারেশনস), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ৩৬, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, রমনা, ঢাকা।
০৮. নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-০১/০২/০৩/০৪/০৫/০৬/০৭/০৮/০৯/১০, ঢাকা ওয়াসা।
০৯. উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-০১/০২/০৩/০৪/০৫/০৬/০৭/০৮/০৯/১০, ঢাকা ওয়াসা। (নির্ধারিত তারিখে প্রসিকিউশন সহকারী রাজস্ব কর্মকর্তার নেতৃত্বে সংশ্লিষ্ট নোটিশসহ সংযোগ বিচ্ছিন্নকারীদল প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল)।
১০. অফিসার ইনচার্জ, ... ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
১১. পরিবহন কর্মকর্তা, ঢাকা ওয়াসা। নির্ধারিত তারিখে সকাল ৮.৩০ ঘটিকায় ওয়াসা ভবনের সামনে একটি মাইক্রোবাস চালকসহ প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল।
১২. অফিস কপি।

২৩/০৬/২৬

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
ঢাকা ওয়াসা।